আ১১

বঙ্গীয় শব্দকোষ

প্র [সং ক (কন্)-'কুৎসিত, হ্রস্ব' অর্থে>প্রা অ>বা আ [-অ+অ-যেমন, রাবণক>(রাবণ্ -অ+অ; রাবণা)]

১ কুৎসা, অনাদর, গালি। "নারদা অল্পেয়ে ভা.চ ৭৮; চারিমুখা রাঙ্গাটা (ব্রহ্মা) বরের ভাই হেন ৮০। মতিচ্ছন্ন হৈল ব্রাহ্মণার ম ১৯৫। গেলিরে রাবণা তুইঃ বানরা ধিক্ জীবনে তোর কৃ ২৫১। ব.প ৫২৮; ৫৩৬। কেন রে পবনা, উড়ালি তাকে ব.প্র ১১৯।

২ ক্রোধ। "এতবড় অহঙ্কার হৈল পাণ্ডবার ম ১১৬১। কি কহিব নারদায় ব.প ৯৩৬। আরেরে বানরা! চৈ.ভা ৬৪। কাঁহা রে রাবণা। চৈ.চ ১৬৫; কাল্কার বড়ুয়া জগাঃ তোমারে উপদেশে বাল্কা ২৮১।

৩ হ্রস্বতা, অল্পতা। "চাল-চালা, সোত-সোতা।

৪ সখ্য, মিত্রতা। "ভুবনা কিরণা, হুহে হৈল কাণা, ক.চ ২১৪। দীনকে বুঝি ভুলে গেছ দিন পেয়ে রে রামা মিতে দা ১৩৮৩।

৫ বাৎসল্য, স্নেহ। "রামা শ্যামা গোপাল ইত্যাদি। [হ'রে (হরি>হরিআ, হর্যা, -রে) - 'এ' বাৎসল্যসূচক। "কত বা বেড়াবে হরিশ্চন্দ্র নাম ধ'রে। কখন বলিও হরি কখন বা হ'রে।। - কৃ ১০।]